**ALL INDIA RADIO, SILCHAR**

*****************

**EVENING BULLETIN : BENGALI**

**Date: - 28-05-2024**

***Time: 19:45-19:55 Hrs***

---------------------------------------

(১) ঘূর্ণিঝড়ের প্রভাবে রাজ্যের স্থানে স্থানে হওয়া প্রচন্ড ঝড় ও ভারী বৃষ্টিপাতের ফলে জনসাধারণের স্বাভাবিক জনজীবন ব্যহত/ ঝড় ও ভুমিধ্বসের ফলে চারজনের প্রাণহানি/কাছাড়, করিমগঞ্জ ও হাইলাকান্দি জেলা সহ কয়েকটি জেলায় রেড এলার্ট/

(২) ঘূর্ণিঝড়ের ফলে ক্ষতিগ্রস্ত অঞ্চলে সাহায্য ও পুনর্বাসনের ব্যবস্থা সূক্ষ্মভাবে নিরীক্ষণ করার জন্য রাজ্যের মুখ্যসচিবকে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার নির্দেশ/

(৩) বরাক উপত্যকার তিন জেলায় আগামীকাল সব শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ/

---

বঙ্গোপসাগরের উত্তর দিক থেকে আসাম তথা সমগ্র উত্তর পূর্বাঞ্চলে প্রবেশ করা ঘূর্ণিঝড়ের প্রভাবে রাজ্যের বিভিন্ন স্থানে হওয়া প্রচণ্ড ঝড় ও বৃষ্টিপাতের ফলে গতকাল থেকে স্বাভাবিক জনজীবন ব্যহত হচ্ছে । রাজ্যে আজকের ভারী বৃষ্টিপাতের ফলে ৪ জন লোকের প্রাণহানি হয়েছে । এছাড়া বারোজন শিক্ষার্থী সহ ১৭ জন লোক আহত হয়েছেন । মরিগাঁও জেলার ধূপগুড়িতে একজন ছাত্রের উপর একটি গাছ পরে যাওয়ায় ছাত্রটির মৃত্যু হয়।

এদিকে গেরুকামুখে এন এইচ পি সি প্রকল্পের একজন কর্মীর ভূমিধ্বসের ফলে মৃত্যু হয়েছে । 'রেমাল' নামের ঘূর্ণিঝড়ের প্রভাবে রাজ্যের বিভিন্ন স্থানে ভারী বৃষ্টিপাত হচ্ছে এবং বেশকয়েকটি জেলায় সতর্কতা জারী করা হয়েছে । করিমগঞ্জ জেলার পাথারকান্দি রাজস্ব চক্রের কিছু কিছু স্থানে আকস্মিক বন্যার পরিস্থিতির সৃষ্টি হয়েছে । বরাক উপত্যকার তিনজেলা- কাছাড়, করিমগঞ্জ ও হাইলাকান্দি এবং ডিমাহাসাও সহ চিরাং, গোয়ালপাড়া, বাক্সা জেলায় রেড এলার্ট জারি করা হয়েছে ।

এদিকে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা আজকের ঝড়ে মৃত্যু হওয়া দুজনের ক্ষতিগ্রস্ত পরিবারগুলিকে প্রয়োজনীয় সবরকমের সাহায্য এবং আহতদের সময়মতো চিকিৎসা প্রদানের বিষয়টি নিশ্চিত করতে রাজ্যের মুখ্য সচিবকে নির্দেশ দিয়েছেন ।

অন্যদিকে নির্বাচনী প্রচারের উদ্দেশ্যে সম্প্রতি ওড়িশায় থাকা মুখ্যমন্ত্রী ডঃ শর্মা রাজ্যে ঝড় ও ভারী বৃষ্টিপাতের ফলে সৃষ্টি হওয়া পরিস্থিতি সম্পর্কে আজ রাজ্যের মুখ্য সচিবের সঙ্গে ফোনযোগে বার্তালাপ করেছেন । তিনি মুখ্য সচিবের কাছ থেকে এসংক্রান্ত পরিস্থিতির সার্বিক খোঁজখবর নিয়েছেন । এবং পুর্নবাসন ও সতর্কতামূলক ব্যবস্থা সমূহ সূক্ষ্মভাবে নিরীক্ষণ করার নির্দেশ দিয়েছেন । ডঃ শর্মা একইসঙ্গে ঝড়, বৃষ্টিপাত ও ভূমিধ্বসে প্রাণহানির ঘটনায় গভীর শোক প্রকাশ করেছেন । মুখ্যমন্ত্রীর নির্দেশ মর্মে কিছু সময় পর রাজ্যের মুখ্যসচিব আসাম পুলিশের সঞ্চালক প্রধানের উপস্থিতিতে রাজ্যের সবকটি জেলার আয়ুক্ত এবং আসাম রাজ্য দুর্যোগ ব্যবস্থাপনা কর্তৃপক্ষের আধিকারিকদের সঙ্গে ভিডিও কনফারেন্সিং ব্যবস্থার মাধ্যমে সমগ্র ব্যবস্থার পর্যালোচনা করবেন । এই বৈঠকে ক্ষতিগ্রস্তদের সম্পত্তির ক্ষয়ক্ষতির মূল্যায়ন সহ তাৎক্ষণিক সাহায্য প্রদানের ব্যবস্থা নেওয়া হবে ।

রাজ্যসরকার জনসাধারণকে স্থানীয় প্রশাসনের সঙ্গে সহযোগিতা করার আহ্বান জানিয়েছে । উল্লেখ্য- কেন্দ্রীয় আবহাওয়া দপ্তর আজ কাছাড়, করিমগঞ্জ, ডিমাহাসাও এবং গোয়ালপাড়া জেলায় ভারি বৃষ্টিপাত হবার সম্ভাবনা রয়েছে বলে পূর্বাভাসে জানিয়েছে ।

এদিকে গুয়াহাটি সহ রাজ্যের বহু জেলায় অবিরাম বৃষ্টিপাতের ফলে গতকাল সন্ধ্যা থেকে বিদ্যুৎ সরবরাহ ব্যহত হচ্ছে । গৌহাটি বিশ্ববিদ্যালয়ের প্রাঙ্গণে প্রকান্ড গাছ উপড়ে পড়ার ফলে ক্ষয়ক্ষতি হয়েছে । নগাঁও জেলায় ঝড়ের ফলে ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে । জেলার ৫৫ টি বাসগৃহ ঝড়ের ফলে ক্ষতিগ্রস্ত হয়েছে । নগাঁও রেলস্টেশনে আজ সকালে গাছ পড়ে একজন লোক গুরুতরভাবে আহত হয়েছেন । এই জেলায় রেড এলার্ট জারি থাকার পরিপ্রেক্ষিতে জনসাধারণকে সবধরণের পরিস্থিতি মোকাবিলা করার জন্য প্রস্তুত থাকার আহ্বান জানানো হয়েছে । এই জেলার সব শিক্ষাপ্রতিষ্ঠান আজ বন্ধ রাখা হয় । এবং আগামীকালও বন্ধ থাকবে বলে জেলা প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে । এছাড়া মরিগাঁও, ডিব্রুগড় এবং মাজুলি জেলায়ও ঝড়ে ব্যাপক ক্ষয়ক্ষতির খবর পাওয়া গেছে ।

এদিকে সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে রাজ্যের বেশকয়েকটি জেলায় আজ শিক্ষাপ্রতিষ্ঠানগুলি বন্ধ রাখা হয় । এবং আগামীকালও বিদ্যালয়গুলি বন্ধ রাখার নির্দেশ দেওয়া হয়েছে । রাজ্যের মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা এক ট্যুইটে রেড এলার্ট জারি থাকা রাজ্যের কাছাড়, করিমগঞ্জ ও হাইলাকান্দি সহ নগাঁও, কার্বি-আংলং, হোজাই, ডিমাহাসাও জেলার সব শিক্ষা প্রতিষ্ঠান আগামীকাল বন্ধ রাখার নির্দেশ দিয়েছেন । এর পরিপ্রেক্ষিতে কাছাড়ে জেলা আয়ুক্ত এক নির্দেশে আগামীকাল জেলার সব শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রাখার নির্দেশ জারি করেছেন । আজ জারি করা এক আদেশে কাছাড়ের জেলা ম্যাজিস্ট্রেট তথা দুর্যোগ ব্যবস্থাপনা কর্তৃপক্ষের চেয়ারম্যান রোহন কুমার ঝা বলেছেন যে- তবে মাধ্যমিকের কম্পার্টমেন্টাল পরীক্ষা নির্ধারিত সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে । অন্যদিকে শিলচরের আসাম বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে- মুখ্যমন্ত্রীর নির্দেশ এবং কাছাড়ের জেলা প্রশাসনের নির্দেশনা অনুযায়ী দুর্যোগপূর্ণ আবহাওয়ার জন্য এই বিশ্ববিদ্যালয় এবং এর অন্তর্গত সবকটি কলেজ আগামীকাল বন্ধ থাকবে । এছাড়া বিশ্ববিদ্যালয়ের পূর্বনির্ধারিত সূচি অনুযায়ী ২৯শে মে অর্থাৎ আগামীকালের স্নাতক স্তরের সেমিস্টার পরীক্ষাগুলি এবং ইন্টারনেল পরীক্ষার সময়সূচিরও পরিবর্তন করা

হয়েছে । আগামীকালকের টিডিসি সেমিস্টার পরীক্ষা আগামী ছয়ই জুন অনুষ্ঠিত হবে । তবে পরীক্ষা শিফট এবং সময় একই থাকবে বলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জানিয়েছেন ।

অনুরূপভাবে করিমগঞ্জ জেলারও সব সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে আজ এবং আগামীকাল ছুটি ঘোষণা করা হয়েছে। হাইলাকান্দি জেলা ম্যাজিস্ট্রেটও অনুরূপ আদেশে জেলার সব সরকারি, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান আগামীকালও বন্ধ থাকবে বলে জানিয়েছেন । তবে করিমগঞ্জ ও হাইলাকান্দি জেলায়ও মাধ্যমিকের কম্পার্টমেন্টাল পরীক্ষা পূর্ব নির্ধারিত সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে জেলা প্রশাসনগুলির পক্ষ থেকে জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------

ঘূর্ণীঝড় রেমালের প্রভাবে গতকাল থেকে ভারী বৃষ্টিপাত ও ঘূর্ণীঝড়ের পরিপ্রেক্ষিতে বরাক উপত্যাকার জনজীবন ব্যহত হচ্ছে ।গতকাল থেকে মুশলধারে বৃষ্টিপাতের ফলে স্থানে স্থানে জমা জলে কৃত্রিম বন্যার সৃষ্টি হয়েছে ।এছাড়া ঝোড়ো হাওয়া বয়ে যাবার ফলে কয়েকটি স্থানে গাছ , বিদ্যুতের খুঁটি ইত্যাদি উপড়ে পড়ে বিদ্যুৎ সরবরাহ ও ব্যহত হচ্ছে ।শিলচর শহরের চার্চ রোড , সোনাই রোড , ন্যশনেল হাইওয়ে , শ্যামাপ্রসাদ রোড ইত্যাদি স্থানে সড়কের ওপর বৃষ্টির জল জমে জনজীবন বিপর্যস্ত তথা যানবাহন চলাচল ও ব্যহত হচ্ছে ।

গতকাল রাত থেকে প্রবল বৃষ্টিপাতের ফলে করিমগঞ্জ শহরেরও বিভিন্ন এলাকা বৃষ্টির জমা জলে আবদ্ধ হয়ে পরেছে ।করিমগঞ্জ শহরের বিপিনপাল রোড , নীলমণিরোড , সুভাষনগর , রায় নগর , মিশন রোড জমা জলে জনজীবন ব্যহত হচ্ছে ।প্রবল বৃষ্টিপাতের ফলে আজ  জেলার লঙ্গাই ও সিংলা নদী বিপদসীমা অতিক্রম করেছে ।আজ দুপুরে চান্দখিরা পি ডব্লিউডি ব্রিজে লংগাইনদী নদীর জলস্তর ছিল ২৩ দশমিক ৯-৪ মিটার এখানে নদীর বিপদ সূচক চিহ্ন হচ্ছে ২২ মিটার ।আজ দুপুরে অনুপুর পিডব্লিউডি ব্রিজে সিংলা নদীর জলস্তর ছিল ২০ দশমিক ৩৬৫ মিটার এখানে নদীর বিপদসূচক চিহ্ন হচ্ছে ১৭ দশমিক ৯৮৫ মিটার ।জল বাড়ছে ।

এদিকে ভারী বৃষ্টিপাতের ফলে হাইলাকান্দি জেলার প্রধান তিনটি নদীর জলস্তর বৃদ্ধি পাচ্ছে ।আজ বিকেলে ধলেশ্বরী নদী বিপদসীমা অতিক্রম করেছে । সন্ধ্যে ৬ টায় ঘারমুড়ায় ধলেশ্বরীর জলস্তর ছিল ২৯ দশমিক ৪৭ মিটার এখানে নদীর বিপদসূচক চিহ্ন হচ্ছে ২৮ দশমিক ০-৫ মিটার ।মাটিজুড়িতে কাটাখাল নদীর জলস্তর ছিল ১৯ দশমিক ৪৫ মিটার এখানে নদীর বিপদসূচক চিহ্ন হচ্ছে ২০ দশমিক ২৭ মিটার ।গত ২৪ ঘন্টায় হাইলাকান্দিতে ১৯৯ মিলিমিটার বৃষ্টিপাত হয়েছে বলে আমাদের হাইলাকান্দি সংবাদদাতা জানিয়েছেন ।এদিকে মুশলধারে বৃষ্টির ফলে আজ হাইলাকান্দি শহরের চার নম্বর ওয়ার্ডের তৌপখানা এলাকায় ভূমিধসের ঘটনা সংঘঠিত হয় ।ওই ওয়ার্ডের অবসরপ্রাপ্ত শিক্ষক শান্তনু নাথের বাড়ির কয়েকটি কক্ষ ও একটি আর সিসি ঘর ভূমিধসের ফলেচ ক্ষতিগ্রস্থ হয়েছে ।এছাড়া একটি সেতুর এপ্রোচ ও ভূমিধসের ফলে ক্ষতিগ্রস্থ হয়েছে ।হাইলাকান্দির চক্র আধিকারীক কে জেমি ঘটনাস্থল পরিদর্শন করে ভূমিধসের সম্ভাবনা থাকা  ছাদে কোন ব্যাক্তিকে না যাবার অনুরোধ জানান ।অতিরিক্ত বৃষ্টিপাতের ফলে শহরের এক ও ১২ নম্বর ওয়ার্ড জলমগ্ন হয়ে পড়ায় সাধারণ জনজীবন ব্যহত হচ্ছে । জেলা প্রশাসন বন্যা পরিস্থিতি মোকাবিলা করার জন্য সম্পূর্ণ প্রস্তুত বলে জেলা আয়ুক্ত নিসার্গ হিভারে গৌতম জানান ।

---------------------------------------------------------------------------

ডিমা হাসাও জেলার হাফলঙে ভারী বৃষ্টিপাতের ফলে ভূমি ধ্বস এবং কৃত্রিম বন্যার সৃষ্টি হোয়ায় স্বাভাবিক জীবন যাপন ব্যাহত হয়ে পড়েছে। জেলার দুর্যোগ ব্যবস্থাপনা কর্তৃপক্ষ জেলার সব শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রাখার নির্দেশ দিয়েছে। এছাড়া জনসাধারনকে প্রয়োজন ছাড়া বাড়ির বাইরে যেতে নিষেধ করা হয়েছে।

---------------------------------------------------------------------------

করিমগঞ্জ জেলায় আসন্ন বন্যার মরশুমে  জরুরীকালীন পরিস্থিতিতে প্রয়োজনীয় তথ্য আদান প্রদানের জন্য জলসম্পদ বিভাগের উত্তর করিমগঞ্জ সাবডিভিশনের সহকারী কার্যবাহী বাস্তুকারের কার্যালয়ে একটি ‘ফ্লাড সেল’ ও কন্ট্রলরুম চালু করা হয়েছে ।এই কন্ট্রোল রুমের টেলিফোন নম্বর হচ্ছে ৯১০১৭৩০৪১৫ এছাড়া এই কন্ট্রোল রুমের ভারপ্রাপ্ত আধিকারীকের ফোন নম্বর হচ্ছে ৮৭৬১৯৫৫৫২৭ এবং সহকারী আধিকারীকের ফোন নম্বর হচ্ছে

৮৭২১৯১২৫০৪ । কার্যবাহী বাস্তুকার জরুরীকালীন পরিস্থিতিতে জলসম্পদ বিভাগের পরিকাঠামোগুলোর সুরক্ষা সংক্রান্ত তথ্য কন্ট্রোলরুমে জানাতে জনসাধারণের প্রতি আহ্বান জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------

নির্বাচন কমিশনের গত ২৮ শে মার্চ জারী করা নিষেধাজ্ঞা অনুযায়ী অন্তিম পর্যায়ে আগামী পয়লা জুন সন্ধ্যা সাড়ে ৬ টার পূর্বে কোন প্রচার মাধ্যমে একজিট পোল বা নির্বাচন পরবর্তী সমীক্ষার ফলাফল ঘোষণা করতে পারবে না ।এই নিষেধাজ্ঞা ভঙ্গ করলে জরিমানা অথবা ২ বছর পর্যন্ত কারাবাস বা উভয় শাস্তি প্রদান করা হবে বলে উল্লেখ করা হয়েছে ।রাজ্যের মুখ্য নির্বাচন আধিকারীকের কার্যালয়ের পক্ষ থেকে সব সংবাদ মাধ্যমকে এই নির্দেশ মেনে চলার আহ্বান জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------

আসাম রাজ্য এইডস কন্ট্রোল সোসাইটির অধীন ডিসট্রিক্ট ইন্টিগ্রাটেড স্ট্রেটেজি ফর এইচ আইভি /এইডস (দিশা) ’র উদ্যোগে আজ করিমগঞ্জ জেলা আয়ুক্ত কার্যালয়ের সভাকক্ষে এক সভা অনুষ্ঠিত হয়েছে । স্বাস্থ্য বিভাগের দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত আয়ুক্ত মিনার্ভা দেবী আরামবামের পৌরহিত্যে অনুষ্ঠিত সভায় এইডস প্রতিরোধ তথা নিয়ন্ত্রনের জন্য বিভিন্ন গুরুত্বপূর্ণ পদক্ষেপ সম্পর্কে আলোচনা করা হয় ।বৈঠকে জেলা স্বাস্থ্য বিভাগের যুগ্ম সঞ্চালক ডাঃ সুমনা নাইডিং , জেলা এইডস নিয়ন্ত্রণ আধিকারীক ডাঃ বি কে সরকার প্রমুখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------